

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১১২

অমরপুর, ১৯ মার্চ, ২০২৫

মালবাসা ভিলেজে প্রশাসনিক শিবির

অমরপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ মালবাসা ভিলেজের কালাঝারি মুক্ত বাজারে এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবির উপলক্ষে ডিসিএম হীরামাণিক ত্রিপুরার সভাপতিত্বে স্থানীয় জনপ্রতিনিধি ও সাধারণ জনগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে সংশ্লিষ্ট এলাকার পানীয়জলের ব্যবস্থা, বিদ্যুৎ ব্যবস্থা, রাস্তাঘাট, শিক্ষা, স্বাস্থ্য, অঙ্গনওয়াড়ি, সেচ ব্যবস্থা প্রভৃতি বিষয় নিয়ে আলোচনাচক্র অনুষ্ঠিত হয়।

শিবিরে ২৮টি এসটি, ২৯টি পিআরটিসি, ৩টি ম্যারেজ সার্টিফিকেট পাওয়ার আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে আবেদনের ভিত্তিতে ১১টি ইনকাম সার্টিফিকেট বিতরণ করা হয়। তাছাড়া স্বাস্থ্য দপ্তর থেকে ৭৩ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে গৃহপালিত পশুপাখির জন্য প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়।
